

নং- ৬২২/২৬

একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি-২০২৩

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদেরকে ০৭/১২/২০২২ তারিখে বোর্ড কর্তৃক প্রকাশিত ভর্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তির আলোকে আগামী ২২/০১/২০২৩ তারিখ বৃহস্পতিবার থেকে ২৬/০১/২০২৩ তারিখ বৃহস্পতিবার বেলা ২.০০ ঘটিকার মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হলো।

উল্লেখ্য কোটায় মনোনয়ন প্রাপ্তদেরকে অবশ্যই কোটা প্রাপ্তির উপর্যুক্ত প্রামাণ্য (মুক্তিযোদ্ধাদের বেলায় সরকার স্বীকৃত সনদ এবং তাঁদের পোষ্যদের ক্ষেত্রে পোষ্য সনদ এবং SQ ক্ষেত্রে যথাযথ সনদ) দাখিল করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

উচ্চ মাধ্যমিক ভর্তির নিয়মাবলি

১	কলেজ ওয়েবসাইট থেকে অনলাইনে ভর্তির আবেদন ফরম পূরণ করে প্রিন্টেড কপি নিয়ে উচ্চ মাধ্যমিক শাখায় আসতে হবে।
২	SSC পরীক্ষার রোল এবং নিজস্ব মোবাইল নম্বর ব্যবহার করে শিওর ক্যাশের মাধ্যমে ভর্তির জন্য নির্ধারিত ফি জমা দিতে হবে এবং শিওর ক্যাশ TXN-ID সংরক্ষণ করতে হবে।
৩.	খাম সংগ্রহ করে নিম্নোক্ত ডকুমেন্টগুলো ভিতরে এবং খামের উপর কলেজ কর্তৃক প্রদত্ত রোল নম্বর, TXN-ID, নাম লিখে জমা দিতে হবে।
৪.	বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ে একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র এর মূল কপি এবং ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও প্রবেশপত্র, রেজিঃ কার্ডের ফটোকপি, জন্ম নিবন্ধনের ফটোকপি, পিতা/মাতার নামে মোবাইল ব্যাংকিং একাউন্ট নং, পিতা-মাতার ভোটার আইডি কার্ডের ফটোকপি, ৪ কপি রসিদ (পাসপোর্ট সাইজ) ছবিসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে প্রসপেক্টাসসহ অন্যান্য নির্ধারিত সামগ্রী গ্রহণ করতে হবে।

ভর্তির জন্য নির্ধারিত ফি :

শাখা	বেসরকারী ফি (বোর্ড ফিসহ)	সরকারী ফি		সর্বমোট
		বেতন	ভর্তি ফি	
বিজ্ঞান	২৭০৫/-	২৪০/-	২০/-	২৯৬৫/-
ব্যবসায় শিক্ষা	২৬০৫/-	২৪০/-	২০/-	২৮৬৫/-
মানবিক	২৬০৫/-	২৪০/-	২০/-	২৮৬৫/-

বিদ্রূপ:- যদি পাঠ বিরতি থাকে অর্থাৎ ২০২১ সনের পূর্বে এস.এস.সি পাশ করে থাকে তবে বোর্ড কর্তৃক নির্ধারিত অতিরিক্ত ১৫০/- ভর্তি চলাকালীন সময়ে জমা দিতে হবে।


*** ক্লাস শুরু হওয়ার দিন থেকে কলেজ কর্তৃক নির্ধারিত পোষাক পরিধান করে ক্লাসে উপস্থিতি বাধ্যতামূলক (পোষাক সংক্রান্ত বিস্তারিত তথ্য ভর্তি কমিটির / প্রসপেক্টাস হতে জানা যাবে)।

*** নোটিশ ও ভর্তি সংক্রান্ত কার্যক্রম ঠিকানাঃ

web: <http://anandamohangovtcollege.edu.bd>


Facebook:govt.AnandaMohanCollege,Mymensingh.

প্রতি স্বাক্ষর


অধ্যক্ষ

আনন্দ মোহন কলেজ

ময়মনসিংহ।


২২/০১/২০২৩

আহ্বায়ক

উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি-২০২৩

আনন্দ মোহন কলেজ

ময়মনসিংহ।

কপি বন্টন :

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ;
- ২। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৩। আহ্বায়ক, উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি, অত্র কলেজ;
- ৪। আহ্বায়ক, উচ্চ মাধ্যমিক মনিটরিং কমিটি, অত্র কলেজ;
- ৫। প্রধান সহকারী, অত্র কলেজ (কলেজ ওয়েব সাইট ও ফেইসবুক প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন);
- ৬। হিসাবরক্ষক, অত্র কলেজ;
- ৭। সংরক্ষণ নথি।